

অষ্টম দার্স

‘লা-ইলাহা ইল্লাহ’র শর্তগুলি

৬। ইখলাসঃ বান্দা নিয়ত তথা সংকল্পকে শির্কের সমস্ত পঞ্জিলতা থেকে মুক্ত রেখে স্বীয় আমলকে স্বচ্ছ রাখবে। সুতরাং তার সমস্ত কাজ ও কথা একমাত্র আল্লাহর সন্তুষ্টি বিধানের নিমিত্তে হবে। তাতে লোক দেখানোর উদ্দেশ্য বা খ্যাতি অর্জনের অভিলাষ অথবা কোন লাভের আকাঙ্ক্ষা কিংবা ব্যক্তিগত সিদ্ধি করার সাধ অথবা প্রকাশ্য বা গোপনীয় কোন প্রবৃত্তির সিদ্ধি, আল্লাহর হেদয়াতকে উপেক্ষা করে কোন ব্যক্তি, মাযহাব বা দলের অত্যধিক ভালবাসার বশবর্তী হয়ে আমল করার প্রবণতা থাকতে পারে না। বরঞ্চ সকল কাজ আল্লাহর সন্তুষ্টি বিধান এবং পারলৌকিক উদ্দেশ্য অর্জনের জন্য হতে হবে। কোন মানুষের বিনিময় প্রদান বা ক্রতজ্ঞতা পাওয়ার প্রতি ভুক্তেপও করবে না। মহান আল্লাহ বলেন, “সাবধান! বিশুদ্ধ আনুগত্য একমাত্র আল্লাহরই হক।” (সূরা যুমার:৩) তিনি আরো বলেন, “আর তাদেরকে এটা ব্যক্তিত কোন নির্দেশ দেওয়া হয়নি যে, তারা আল্লাহর ইবাদত করবে, নিজেদের দ্বিনকে একমাত্র তাঁরই জন্য খালিস করবে।” বুখারী ও মুসলিম শরীফের হাদীসে ইতবান-~~বি~~-বর্ণিত হয়েছে, রাসূল-~~বি~~-বলেছেন, “যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টি বিধানের জন্য ‘লা-ইলাহা ইল্লাহ’ বলে, আল্লাহ তাকে জাহানামের উপর হারাম করে দেন।”

৭। ভালবাসঃ এ মহান কালেমা ও তার নির্দেশ ও দাবীর প্রতি প্রগাঢ় ভালবাসা থাকতে হবে। ফলে আল্লাহ ও তাঁর রাসূলকে ভালবাসবে এবং এ ভালবাসকে পৃথিবীর সকল ভালবাসার উপর প্রাধান্য দিবে। ভালবাসার শর্তসমূহ ও করণীয় বিষয়গুলো পালন করবে। তাই আল্লাহকে ভক্তি, শ্রদ্ধা, ভীতি ও আশা সহকারে ভালবাসবে। স্থান, সময়-কাল, ব্যক্তিবর্গ এবং কথা ও কর্মের মধ্যে আল্লাহ যা ভালবাসেন, তা তাকেও ভালবাসতে হবে। যেমন মক্কা, মদীনা ও সমূহ মসজিদ। সময় ও কালের মধ্যে যেমন, রম্যান ও জিলহজ্জ মাসের প্রথম ১০ দিন। ব্যক্তিবর্গের মধ্যে যেমন, আম্বিয়া ও রাসূলগণ, ফেরেশতা, শহীদ ও সৎলোকগণ। কাজ-কর্মের মধ্যে যেমন, নামায, যাকাত, রোয়া ও হজ্জ। কথার মধ্যে যেমন, যিক্র, কুরআন তেলাওয়াত ইত্যাদি। এটা ও ভালবাসার পরিচয় যে, আল্লাহর দৃষ্টিতে প্রিয় বস্তুগুলোকে স্বীয় প্রিয় বস্তু ও ইচ্ছার উপর প্রাধান্য দিবে। আল্লাহ যা অপছন্দ করেন, সেও তা অপছন্দ করবে। কাজেই কুফ্রী, পাপাচার ও অবাধ্যতা ইত্যাদিকে মনে প্রাণে ঘৃণা করবে। মহান আল্লাহ বলেন,

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا مَنْ يَرْتَدِدْ مِنْكُمْ عَنْ دِينِهِ فَسَوْفَ يَأْتِي اللَّهُ بِقَوْمٍ يُجْهِمُونَ وَجْهُهُنَّهُ أَذْلَلٌ عَلَى الْمُؤْمِنِينَ أَعْزَزٌ﴾

﴿عَلَى الْكَافِرِينَ يُحَاجِدُونَ فِي سَبِيلِ اللَّهِ وَلَا يَخَافُونَ لَوْمَةً لَائِمٍ﴾ (المائد: ٥٤)

“হে ঈমানদারগণ! তোমাদের মধ্যে কেউ ধর্ম হতে ফিরে গেলে আল্লাহ এমন এক সম্প্রদায় আনয়ন করবেন যাদেরকে তিনি ভালবাসবেন ও যারা তাঁকে ভালবাসবে, তারা হবে মু’মিনদের প্রতি কোমল ও কাফেরদের প্রতি কঠোর। তারা আল্লাহর পথে জিহাদ করবে এবং কোন নিন্দুকের নিন্দায় ভয় করবে না।” (সূরা মায়দা: ৫৪)

الدرس الثامن

تابع شروط لا إله إلا الله